যুগান্তর

তারিখ: 23 OCT 2002
পৃষ্ঠা: ১ কলাম: ৬

# আওয়ামী লীগ আমলের শিক্ষানীতি বাতিল

যুগান্তর রিপোর্ট

[illegible] বিগত আওয়ামী লীগ সরকারের শিক্ষানীতি বাতিল করে দিয়েছে। একই সঙ্গে চার ... শিক্ষানীতি

বাতিল : পৃষ্ঠা ১১ কলাম ৬

## বাতিল : শিক্ষানীতি

(১ম পৃষ্ঠার পর)

প্রণয়নের জন্য শিক্ষা কমিশন গঠনের প্রস্তাব অনুমোদন করা হয়েছে। গত সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সভাপতিত্বে নিয়মিত বৈঠকে এই অনুমোদন দেয়া হয়। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বিগত সরকারের শিক্ষানীতিতে শিক্ষার আমূল পরিবর্তনসহ ৬ বছর বয়সে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক চালু ও [illegible] বাধ্যতামূলক করা হয়। মাধ্যমিক শিক্ষা দ্বাদশ পর্যন্ত করা হয়, যে কারণে উচ্চ বিদ্যালয়ে দ্বাদশ শ্রেণী খোলার ব্যবস্থা করা হয়। মাধ্যমিক পর্যায়ে শিক্ষার ক্ষেত্রে তিনটি স্তর চালু করার পরিকল্পনা নেয়া হয়। এর মধ্যে রয়েছে সাধারণ মাদ্রাসা ও বৃত্তিমূলক শিক্ষা। এই শিক্ষানীতির জন্য ব্যয় প্রাক্কলন করা হয়েছিল ৩০ হাজার কোটি টাকা।

গত সোমবার মন্ত্রিসভায় বিগত সরকারের তৈরি শিক্ষানীতি গ্রহণ করা বা না করার ব্যাপারে প্রস্তাব উপস্থাপন করা হলে না ভোটে শিক্ষানীতি বাতিল করে দেয়া হয়। জানা গেছে, শিক্ষামন্ত্রী বৈঠকে শিক্ষা কমিশন গঠনের পরিবর্তে উচ্চক্ষমতাসম্পন্ন কমিটি গঠনের প্রস্তাব দেন। এ ব্যাপারে শিক্ষামন্ত্রীর যুক্তি হচ্ছে- কমিশনের কার্যক্রম বড় বেশি দেরি হয়। কিন্তু কমিটি গঠন করলে বেশি দেরি হবে না। বৈঠকে এশীয় মহিলা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা সম্পর্কিত সনদ নীতিগতভাবে অনুমোদন করা হয়। ৪০ একর জমির ওপর এই বিশ্ববিদ্যালয়ের জন্য ব্যয় হবে প্রায় ১০০ কোটি টাকা।

বৈঠকের একাধিক সূত্রে জানা গেছে, একজন সিনিয়র মন্ত্রী সেনাবাহিনীর কার্যক্রম ও অভিযান নিয়ে আলোচনা প্রসঙ্গ উত্থাপন করলে প্রধানমন্ত্রী আলোচনা নাকচ করে দেন।